উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-৫৭ তারিখঃ ১৭ অক্টোবর '২০২৪খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের অক্টোবর'-২০২৪ মাসের মাসিক সাধারণ সভা জনাব শোভন সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ২৩ অক্টোবর '২০২৪ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১০.৩০ টায় উপজেলা পরিষদ নতুন সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফলে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৪. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৫. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৬. বিবিধ।

১৭/১০/২৪

শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০৪২২৩-৬৫০২২
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd

বিতরণঃ

১। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
২। উপজেলা ---------------------------------------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৩। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৫৯ তারিখঃ ১৭ অক্টোবর ' ২০২৪খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১.	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা	
২.	চেয়ারম্যান, জহুরপুর ইউপি	
৩.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	
৪.	চেয়ারম্যান, রায়পুর ইউপি	
৫.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	
৬.	চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি	
৭.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	
৮.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	
৯.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	
১০.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৫৯ তারিখঃ ১৭ অক্টোবর ' ২০২৪খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	১৭/১০/২৪
২	উপজেলা কৃষি কর্মকর্তা	১৭/১০/২৪
৩	উপজেলা প্রকৌশলী	১৭/১০/২৪
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	[illegible]
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	১৭/১০/২৪
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	১৭/১০/২৪
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	১৭/১০/২৪
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	17.10.24
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	১৭/১০/২৪
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	১৭/১০/২৪
১১	উপজেলা প: প: কর্মকর্তা	17.10.24
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	১৭/১০/২৪
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	১৭/১০/২৪
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	১৭/১০/২৪
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	১৭/১০/২৪
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	17.10.24

উপজেলা পরিষদের অক্টোবর/২৪ মাসের মাসিক সভার উপস্থিতি।

সভাপতি : শোভন সরকার।
প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

তাং ও সময় : ২৩-১০-২০২৪ খ্রিঃ বুধবার। বেলা : ১০.৩০ ঘটিকা

সভায় উপস্থিত জনপ্রতিনিধি গনের স্বাক্ষর :

১। প্রশাসক, পৌরসভা বাঘারপাড়া — [signature] ২৩/১০/২৪

২। চেয়ারম্যান জহুরপুর ইউপি — [signature] 23.10.24

৩। " বন্দবিলা " " — [signature] ২৩/১০/২৪

৪। " রায়পুর " " — [signature]

৫। " নারিকেলবাড়ীয়া " " — [signature] ২৩/১০

৬। " ধলগ্রাম " " — [signature] ২৩/১০/২০২৪

৭। " দোহাকুলা " " — [signature] ২৩/১০/২৪

৮। " দরাজহাট " " — [signature]

৯। " বাসুয়াড়ী " " — [signature]

১০। " জামদিয়া " " — [signature]

উপস্থিত বিবেচনায় প্রধানগণের স্বাক্ষর ও উপস্থিতি ক্রমানুসারে

আনন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি)

: আবর আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ন এম -, অর্থনৈতিক বৃত্তি অধিদপ্তর-

লমা খাতুন-উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা- 23/10/2024 20/10/2024

আমজুল আরেফিন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

: আবু হানিফ, SAE, DPHE

ইকবাল হোসেন, UFPO

: মোস্তাফিজুর রহমান UCO

মোঃ মোতালেব হোসেন VDF, VGDP — Muttalib

ইফতেখার আহমেদ, PIO,

. অরূপ জ্যোতি দেব, UH&FPO, UHP, Basherpara, Jashore — 23

: [illegible] USSO

আশিকুজ্জামান — USEO - উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

: হাবিবুল [illegible], ওসি, [illegible] থানা

: আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী

: আব্দুল কুদ্দুস উপজেলা সমবায় অফিসার — 20/10/2024

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : শোভন সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ২৩ অক্টোবর ২০২৪খ্রিঃ, বুধবার, বেলা-১০.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব ইউসুপ মিয়া, প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা ও সহকারী কমিশনার(ভূমি), বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৬) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

নাই

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মোঃ আরব আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব তরুন রায়, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব সালমা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৬) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১) ডাঃ অরুপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
১২) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১৩) জনাব মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৪) জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।
১৫) মোঃ আব্দুল কদ্দুস, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) জনাব তহরা হক, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব ইসমত আরা পারভীন, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনাকালে সভায় নিম্নরূপ আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পুর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি ।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।

০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) বর্তমানে পরিষদের ভাইস চেয়ারম্যান অপসারণ হওয়ায় কমিটির সভাপতি পদে দায়িত্বপ্রাপ্ত কেউ না থাকায় স্থায়ী কমিটির সভাকরণ বন্ধ আছে।	পরবর্তীতে সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করা হবে।	প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- **(ক) উপজেলা পরিষদের গোরস্থানের উন্নয়নে পৌরসভাকে অনাপত্তি প্রদান সংক্রান্ত:** উপজেলা পরিষদের মালিকানাধীন গৌরস্থানের সীমানা প্রাচীর, গেটসহ অন্যান্য কাজের একটি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে অনাপত্তি প্রয়োজন মর্মে প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা কর্তৃক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পৌরসভা কর্তৃক গৌরস্থানের উন্নয়নে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উপজেলা পরিষদের অনাপত্তি প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভাকে উন্নয়ন কাজ শুরু করা এবং যথাযথভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে নিবিড় তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। **(খ) উপজেলা পরিষদের পুকুরের মাছ ধরা সংক্রান্তঃ** উপজেলা পরিষদের পুকুরে মাছ ধরে বিক্রি করে রাজস্ব তহবিলে জমা করার বিষয়টি সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মাছ আহরণ ও বিক্রয় পূর্বক বিক্রয়লব্ধ অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা করার লক্ষ্যে নিম্নরুপ কমিটি গঠন করা হয়। **উপজেলা পরিষদ পুকুর হতে মৎস্য আহরণ ও বিক্রয় কমিটিঃ** ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর - আহবায়ক ২। চেয়ারম্যান, দোহাকুলা ইউপি, বাঘারপাড়া, যশোর - সদস্য ৩। চেয়ারম্যান, দরাজহাট ইউপি, বাঘারপাড়া, যশোর - সদস্য	(ক) পৌরসভা কর্তৃক গৌরস্থানের উন্নয়নে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উপজেলা পরিষদের অনাপত্তি প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। (খ) উপজেলা পরিষদের পুকুর হতে মাছ আহরণ ও বিক্রয় পূর্বক বিক্রয়লব্ধ অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা করার সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২।প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা খ)(১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া যশোর। (২) গঠিত কমিটি
০৫.	**আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)** **(ক) উপজলো পরিষদের রাজস্ব তহবিলের আওতায়** (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) **পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) সেপ্টেম্বর-২০২৪ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়। **(খ) উপজেলা পরিষদের কর্তনকৃত বাসাভাড়া উত্তোলনঃ** উপজেলা পরিষদের বাসাবাড়ির ভাড়াটিয়া কর্তৃক বেতন হতে উপজেলা হিসাব রক্ষণ অফিসের মাধ্যমে যে বাসা ভাড়া কর্তন করে উক্ত ভাড়া অর্থবছরের শেষের দিকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে স্থানান্তর করার বিধান রয়েছে। কিন্ত হিসাব রক্ষণ দপ্তরে আইবাস++ এর নতুন সিস্টেম চালু হওয়ার পর হতে অদ্যবদি কোনরুপ বাসা ভাড়া উপজেলা রাজস্ব তহবিলে জমা পাওয়া যাচ্ছে না মর্মে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বিভিন্ন বাসার ভাড়াটিয়া কর্তৃক হিসাব রক্ষণ দপ্তরের মাধ্যমে কর্তনকৃত বকেয়া বাসা ভাড়ার হিসাব গ্রহণপূর্বক উক্ত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়।	(ক) পরিশিষ্ট-ক আকারে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়। (খ) উপজেলা পরিষদের বিভিন্ন বাসার ভাড়াটিয়া কর্তৃক হিসাব রক্ষণ দপ্তরের মাধ্যমে কর্তনকৃত বকেয়া বাসা ভাড়ার অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার (খ) ১। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর। ২। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর

১৮

<table>
<tr>
<td></td>
<td>

(গ) ব্রান্ড কম্পিউটার ও সিসি ক্যামেরা ক্রয়ঃ উপজেলা নির্বাহী অফিসারের দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে বর্তমানে প্রশাসক, উপজেলা পরিষদের দায়িত্ব পালন কার্যক্রমে গতিশীলতা আনায়ন, সেবাসহজীকরণে প্রযুক্তিগত সহযোগিতা ছাড়া সম্ভব নয়, সেলক্ষ্যে ১। বাঘারপাড়া উপজেলা পরিষদের প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের ব্যবহারের জন্য ব্রান্ড পিসি-১টি, মনিটর-০১টি, ইউপিএস-০১টি ও আনুষাঙ্গিক সরঞ্জাম/যন্ত্রপাতি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের **টিএন্ডওই খাতের অর্থায়নে** এবং দেশের বর্তমান পরিস্থিতিতে উপজেলা পরিষদের অভ্যন্তরের নিরাপত্তা বৃদ্ধিকরণের লক্ষ্যে ২। প্রশাসকের বাসভবনের জন্য ০৮টি ক্যামেরা, আনুষাঙ্গিক মালামালসহ ০১সেট ও ক্ষতিগ্রস্থ ০৩টি ক্লোজ সার্কিট ক্যামেরা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাতের অর্থায়নে ক্রয় করার বিষয়টি সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে বর্ণিত মালামাল কোটেশন পদ্ধতিতে ক্রয়ের লক্ষ্যে নিম্নরুপ দরপত্র আহবান ও মূল্যায়ন কমিটি গঠন করা হয়। বর্ণিত কমিটিকে দরপত্র মূল্যায়নপূর্বক সুপারিশসহকারে প্রশাসক, উপজেলা পরিষদের নিকট উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় ।

দরপত্র আহবান ও মুল্যায়ন কমিটিঃ

<table>
<tr><th>ক্রঃ</th><th>নাম ও পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>০১</td><td>জনাব অজয় কুমার পাল, উপজেলা আইসিটি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>০২</td><td>জনাব আবু মোতালেব তরফদার, চেয়ারম্যান, দোহাকুলা ইউপি, বাঘারপাড়া, যশোর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউপি, বাঘারপাড়া, যশোর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>জনাব মমতাজ আরা, উপসহকারী প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর</td><td>সদস্য সচিব</td></tr>
</table>

</td>
<td>(গ) টিএন্ডওই খাতের অর্থায়নে ব্রান্ড কম্পিউটার ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি এবং ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাতের অর্থায়নে সিসি ক্যামেরা ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি কোটেশনের মাধ্যমে ক্রয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>(গ)(১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া যশোর ।
(২) গঠিত দরপত্র আহবান ও মুল্যায়ন কমিটি</td>
</tr>
<tr>
<td></td>
<td>

(ঘ) আসবাপত্র ক্রয় ও মেরামতকরণঃ উপজেলা পরিষদের মিলনায়তনের জন্য কিছু কুশন চেয়ার, প্লাষ্টিকের চেয়ার, একটি সাউন্ড সিস্টেম, টেবিলের একসেট পর্দা, একসেট ক্রোকারিজ সামগ্রী এবং সিএ, উপজেলা পরিষদের অফিস কক্ষে ব্যবহারের জন্য চেয়ার ও টেবিল ক্রয় এবং বিভিন্ন অফিস কক্ষের আসবাপত্র মেরামত করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপিত হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনাকালে সর্বসম্মতিক্রমে জানানো হয় যেহেতু বর্ণিত আসবাপত্রসমূহ খুবই প্রয়োজনীয় সেহেতু বর্ণিত মালামাল দ্রুততার সহিত কোটেশন আহবানপূর্বক ক্রয়ের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয় ।

</td>
<td>(ঘ)বর্ণিত আসবাপত্রসমূহ দ্রুততার সহিত কোটেশন আহবানপূর্বক ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয় ।</td>
<td>(ঘ)(১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া যশোর ।
(২) উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর</td>
</tr>
<tr>
<td></td>
<td>

(ঙ) মশা নিধনের জন্য ব্যবস্থা গ্রহনঃ বর্তমান সময়ে ডেঙ্গু মশার প্রকপ বৃদ্ধি পেয়ে জনসাধারণের মৃত্যুহার অনেক বৃদ্ধি পাচ্ছে । সুতরাং ভবিষ্যতে বিষয়টি আরো জটিল আকার ধারণ করতে পারে মর্মে সভায় উপস্থাপিত হয় । সুতরাং মশা নিধনের জন্য কীটনাশক ক্রয় করা অতিব জরুরী অথবা যেকোন সময়ে অপ্রতিকর ঘটনা ঘঠতে পারে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়, যেহেতু বর্ণিত কাজটি গুরুত্বপূর্ণ সেহেতু মশা নিধন কীটনাশক ও ফগার মেশিনের জন্য পেট্রোল ক্রয়কার্য বাস্তবায়নের জন্য প্রকল্প অনুমোদন প্রদান করা হয় এবং দ্রুততার সহিত উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর (ফ)মশা নিধন অনুচ্ছেদ এর মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয় । উক্ত কার্যক্রম বাস্তবায়ন করার লক্ষে নিম্নরুপ প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয় ।

<u>প্রকল্প বাস্তবায়ন তদারকি কমিটি :</u>

১। মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউপি- প্রকল্পসভাপতি
২। মোঃ আবু মোতালেব তরফদার, চেয়ারম্যান, দরাজহাট ইউপি- সদস্য

</td>
<td>খ)রাজস্ব তহবিলের মশা নিধন খাত হতে মশা নিধন কীটনাশক ও ফগার মেশিনের জন্য পেট্রোল ক্রয়ের জন্য বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>(ঙ)
(১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া যশোর ।
৩। গঠিত কমিটি</td>
</tr>
</table>

	৩। জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি- সদস্য ৪। মমতাজ আরা, উপসহকারী প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর- সদস্য ৫। উপজেলা প্রকল্প বাস্তাবয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর- সদস্য সচিব বর্ণিত কমিটিকে ক্রয় কার্যক্রম বাস্তবায়নপূর্বক বিলভাউচার প্রশাসক, উপজেলা পরিষদ এর বরাবর দাখিল করার জন্য অনুরোধ জানানো হয়।		
০৬.	**অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** (ক) **মন্ত্রণালয় মেরামত ও সংস্কার প্রকল্প প্রস্তাব প্রেরণঃ** যশোর জেলার বাঘারপাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরের ০৭টি বিভিন্ন মেরামত ও সংস্কার প্রকল্প বাস্তাবয়ন করার জন্য বরাদ্দ প্রদানের নিমিত্ত প্রকল্পের প্রাক্কলন ও প্রস্তবনাসমূহ সভায় উপস্থাপন করা হয় । বিস্তারিত আলোচনান্তে প্রকল্পসমূহ অনুমোদন প্রদান করা হয় এবং দ্রুততার সহিত অর্থ ছাড়করণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।	(ক) অর্থ ছাড়করণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।	(ক) ১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,বাঘারপাড়া ২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি বাঘারপাড়া
	(খ) উপজেলা পরিষদের গাড়ী ব্যবহার সংক্রান্তঃ উপজেলা নির্বাহী কর্মকর্তার গাড়ী নং যশোর-ঘ-১১০০৪৫ প্রায় অকেজো হয়ে পড়েছে । যেহেতু বর্তমানে উপজেলা নির্বাহী অফিসার অতিরিক্ত উপজেলা পরিষদের প্রশাসকের দায়িত্ব পালন করেছেন । সেহেতু উক্ত গাড়ী নিয়ে দুইটি দায়িত্বের এই বড় পরিসর নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে না মর্মে সভায় উপস্থাপিত হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বিভিন্ন কার্যক্রম তদারিক, পরিদর্শন/দর্শন ও পরিষদের অন্যান্য কাজে উপজেলা পরিষদের গাড়ী নং যশোর-ঘ-১১০০৫৬ ও গাড়ীর জ্বালানী প্রশাসক, উপজেলা পরিষদ ব্যবহার করতে পারবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	**(খ)** কাজে উপজেলা পরিষদের গাড়ী নং যশোর-ঘ-১১০০৫৬ ও গাড়ীর জ্বালানী প্রশাসক, উপজেলা পরিষদ ব্যবহার করতে পারবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।।	**(খ)** ১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,বাঘারপাড়া ২। গাড়ী চালক, উপজেলা পরিষদ
	(গ) উপজেলা পরিষদের মালিকানাধীন অফিস কক্ষ সংক্রান্তঃ (i) নির্বাচন দপ্তর কর্তৃক ব্যবহৃত অফিস কক্ষঃ উপজেলা পরিষদের মালিকানাধীন ০৩(তিন)টি কক্ষ যা উপজেলা নির্বাচন অফিস ব্যবহার করছে তার ভাড়া প্রদান এবং ওয়াশরুম সংযুক্ত একটি রুম উপজেলা মহিলা বিষয়ক দপ্তরকে ছেড়ে দেওয়ার বিষয়ে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বলা হয়, যেহেতু উপজেলা নির্বাচন দপ্তর উপজেলা পরিষদের হস্তান্তরিত দপ্তর না সেহেতু তারা মন্ত্রিপরিষদ বিভাগের ৩০-০৪-১৯৮৬খ্রিঃ তারিখের সিডি/ডিএ-২/১(৪)/৮৪-১১৬নং স্মারকে নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে ভাড়া জমা করবে । এছাড়া উপজেলা পরিষদের মালিকানাধীন ব্যবহৃত ০৩(তিন)টি রুম হতে ওয়াশরুম সংযুক্ত একটি রুম উপজেলা মহিলা বিষয়ক দপ্তরকে দ্রুততার সহিত বুঝিয়া দেওয়া জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	(গ)(i) বর্নিত নীতিমালা অনুযায়ী উপজেলা নির্বাচন দপ্তর অফিস ভাড়া উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা করা এবং ওয়াশরুম সংযুক্ত একটি রুম উপজেলা মহিলা বিষয়ক দপ্তরকে দ্রুততার সহিত বুঝিয়া দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।	(গ)(i)১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২। উপজেলা নির্বাচন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
	(ii) সেটেলমেন্ট দপ্তরকে কক্ষ প্রদান সংক্রান্তঃ উপজেলা বিএডিসি সেচ দপ্তর কর্তৃক ব্যবহৃত অফিস কক্ষ ছেড়ে দিয়ে তাদের নিজস্ব ভবনে স্থানান্তরিত হয়েছে বিধায় উক্ত অফিস কক্ষটি উপজেলা সেটেলমেন্ট দপ্তরকে প্রদানে বিষয়টি সভায় উপস্থাপিত হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত অফিস কক্ষটি উপজেলা সেটেলমেন্ট দপ্তরকে অফিসকক্ষ হিসাবে ব্যবহারের জন্য প্রদানের অনুমোদন দেওয়া হয় এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।	(ii) বর্ণিত অফিস কক্ষসমূহ উপজেলা সেটেলমেন্ট দপ্তরকে অফিসকক্ষ হিসাবে ব্যবহারের জন্য প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।	(ii) ১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২। উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
০৭.	**সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)**		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে । তিনি আরো জানান যে, বর্তমানে অর্থবছরের শুরু হওয়ায় কাজের পরিধি একটু কম আছে । খুব শীঘ্রই বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সকল কার্যক্রম শুরু করা হবে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী

খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপেস্নক্স এর বহিঃ বিভাগ থেকে ৯৪৬৮ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১৩০৩ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৮১৯ জন রোগীকে আন্তঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ৩৬ জন, ১৩ জন সিজারিয়ান করা হয়। ১৮০ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২৩৩৭০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৮৮১ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৫৫৩ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। তিনি আরো জানান যে, জরায়ু ক্যান্সার প্রতিরোধে ১০-১৪ বছর বয়সী বা শিক্ষার্থীদের ক্ষেত্রে পঞ্চম-নবম শ্রেণীর ছাত্রীদের ভ্যক্সিন প্রদান করা হবে এ বিষয়ে ব্যাপক প্রচরণার জন্য সকলের সহযোগিতা কামনা করেন ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় রোপা আমন ১৭০০০ হেক্টর লক্ষ্যমাত্রার বিপরীতে ১৬৭৯০ হেক্টর জমিতে আবাদ হয়েছে। রোপা আমনের ক্ষেতে রোগ পোকামাকড় দমনে ৩৫০০টি লিফলেট বিতরণ করা হয়েছে এবং উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক মনিটরিং করছেন। প্রনোদনা কর্মসুচীর আওতায় রবি মৌসুমে ৭টি (গম, ভূট্টা, সরিষা, পেঁয়াজ, মসুর, খেসারী ও অড়হড়) ফসলের উপর ৩৫৯০ জন এবং পূনর্বাসন কর্মসুচীর আওতায় শাকসবজির উপর ১৬৩০ জন কৃষকের মাঝে উপকরণ বিতরণের জন্য অগ্রাধিকার তালিকা প্রস্তুতের কাজ উপসহকারী কৃষি কর্মকর্তা দ্বারা চলমান রয়েছে। চলতি মাসে ইউরিয়া ৪৮৩ মেঃটন, টিএসপি ৬৮ মেঃ টন, ডিএপি ২৩৫ মেঃ টন এবং এমওপি ১৭০ মেঃ টন মজুদ রয়েছে। মজুদ পরিস্থিতি সন্তোষজনক। আসন্ন রবি মৌসুমের জন্য সারের মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা ।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, অত্র দপ্তরের আওতায় ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যনেজমেন্ট প্রকল্প (মৎস্য অধিদপ্তর অংশ) হতে উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তি কার্যক্রমের আওতায় উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করা হয়েছে । বাঘারপাড়া উপজেলার গলগলিয়ার চিত্রা নদী অংশ এবং গলগলিয়ার খালে মৎস্য আইন বাস্তবায়নের জন্য অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে ২৫ টি (১২৫০ মিটার) অবৈধ চায়না দুয়ারী জাল জব্দ করে জনসম্মুখে পোড়ানো হয়। উপজেলার বিভিন্ন ইউনিয়নের মৎস্য চাষীদের মৎস্য চাষ বিষয়ক বিভিন্ন পরামর্শ প্রদান করা হয়। ১৩ অক্টোবর ২০২৪ হতে ০৩ নভেম্বর ২০২৪ খ্রি. পর্যন্ত মোট ২২ দিন মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৪ সারাদেশের ন্যয় উপজেলা মৎস্য দপ্তর, বাঘারপাড়া, যশোরের পক্ষ হতে অত্র উপজেলাতেও সকল কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। আতিরিক্ত বৃষ্টির সময় চাষীদের সম্ভাব্য ক্ষতি প্রশমনের জন্য প্রয়োজনীয় সকল পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর-২৪ মাসে ১। কৃত্রিম প্রজনন-ক. তরল সিমেন দ্বারা অর্জন- ১৯৫, খ. হিমায়িত সিমেন দ্বারা অর্জন- ১০৬০, গ. সংকর জাতের বাছুর উৎপাদন- ৩৯০, ২। গবাদিপশু ও হাসমুরগির টিকা প্রদান ক. গবাদিপশুর টিকা প্রদান- ৮৪১৬০ মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান- ৫০০০০ মাত্রা ৩.গবাদিপশুর চিকিৎসা প্রদান- ২৬১৪টি, ৪.হাসমুরগির চিকিৎসা প্রদান- ১০২৬৮ টি, ৫.পোষাপ্রাণির চিকিৎসা প্রদান- ০৫ টি, ৬.উঠান বৈঠক আয়োজন সংখ্যা- ০৫ টি, ৭.খামার পরিদর্শন- ১২ টি, ৮.দুধ উৎপাদন- ২৫৪৫টন, ৯.মাংস উৎপাদন- ৭৮০ মে.টন, ১০.ডিম উৎপাদন- ৪৫ লক্ষ **সারাদেশ ব্যাপি প্রণিসম্পদ ডিজিটাল সার্ভে কার্যক্রম চলমান।, ** সরকারী এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ আয়)। ক. টিকাবীজ বিক্রয়- ১৬৫০০/-, খ.কৃত্রিম প্রজনন- ৩৯৫৩০০/-।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সকল প্রতিবন্ধী যেন আবেদন করে সেদিকে লক্ষ্য রাখতে হবে, এছাড়া হিজলা সম্প্রদায়ের ভাতা বরাদ্দ পাওয়া গেছে। বয়স্ক, বিধবা ভাতা পূর্বের আবেদন থেকে দিতে হবে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। **(খ)** চেয়ারম্যান দোহাকুলা ইউপি ভাতা বিতরণ কার্যক্রম থেকে ব্যাংক এশিয়াকে বাদ দেওয়ার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার জন্য প্রশাসক, উপজেলা পরিষদকে অনুরোধ জানানো হয়।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। **(খ)** ভাতা বিতরণ কার্যক্রম থেকে ব্যাংক এশিয়াকে বাদ দেওয়ার জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা (খ) ১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬৬৭৪ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৫৭০(চক্র) কনডম ৫৪৮৬(পিস) ইনজেকটেবল ৭০২ জন আইইউডি ০৬জন, ইমপ্লান্ট ৭৩জন, স্থায়ী পদ্ধতি পুরুষ ০০জন, মহিলা ০৩, মোট ০৩ জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.প্রাথমিক শিক্ষা বিভাগ:	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যায় যে, পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী(সা.) উপজেলার সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। অত্র উপজেলার সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নতুন পরিপত্রের আলোকে ম্যানেজিং কমিটি গঠনের কাজ চলমান রয়েছে। অত্র উপজেলার সকল সরকারী প্রাথমিক বিদ্যালয় স্লিপ কাযক্রমের আওতায় প্লানিং এর কাজ শুরু করেছে। উপজেলা রিসোর্স সেন্টারে ০৬ দিন ব্যাপী বিষয় ভিত্তিক বাংলা বিষয়ের উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণের জন্য ২ ব্যচের প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীগনের নামের তালিকা প্রস্তুতের কাজ চলমান। পিইডিপি-৪ ও চাহিদা ভিত্তিক সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প এর আওতায় বিদ্যালয়ের উন্নয়নমূলক কাজ চলমান রয়েছে। উর্দ্ধতন অফিস কর্তৃক প্রাপ্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভায় অবহিত করা হয়েছে। অত্র উপজেলার শিক্ষকদেরসহ দাপ্তরিক অন্যান্য সকল নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলছে।।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ. মাধ্যমিক শিক্ষা বিভাগ:	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম নির্দেশনা মোতাবেক সুষ্টভাবে চলমান আছে। উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান অনেক সেহেতু বর্তমান পরিস্থিতিতে এক-দুইজন কর্মকর্তার পক্ষে সকল প্রতিষ্ঠান তদারকি করা সম্ভপর হয়ে উঠছে না। সুতরাং উপস্থিত সকল জনপ্রতিনিধী ও কর্মকর্তাদের শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকান্ডের বিষয়ে একটু তদারকি করার এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসারকে জানানোর জন্য অনুরোধ জানান। এ বিষয়ে আলোচনাকালে দাপ্তরিক বিভিন্ন কাজে দাপ্তরিক নীতিতে কঠোরতার সহিত তদারকি ও কার্যক্রম বাস্তবায়ন করার অনুরোধ জানানো হয়।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। (খ) সকল জনপ্রতিনিধী ও কর্মকর্তাদের শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর (খ) জনপ্রতিনিধী ও কর্মকর্তা(সকল)
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে জরাজীর্ণ বিআরডিবি গোডাউন অপসারণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো হয়।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থবছরে ৪৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। যার মধ্য থেকে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে মোট ২১ জন কে যুব ঋণ হিসাবে ১১,০০,০০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৭%। তিনি ১ নভেম্বর ২০২৪খ্রিঃ তারিখে যুব দিবসে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ:	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৭১টি অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত ২০টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ঋন আদায় কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা

ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানা যে, **ভিডব্লিউবি কার্যক্রমঃ** বাঘারপাড়া উপজেলায় ভিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। বরাদ্দ না থাকায় সেপ্টেম্বর/২০২৪ ও অক্টোবর মাসের ডিও প্রদান হয় নাই। **মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ** মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরে এখনও বরাদ্দ পাওয়া যায় নাই। **কিশোর কিশোরী ক্লাবঃ** বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। **উঠান বৈঠকঃ** বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। ৩০ তারিখের মধ্যে ভিডব্লিবি এর আবেদন শেষ করতে হবে প্রতিমাসে ইউপি প্রতি ০৯টি করে। এছাড়া তিনি বেগম রোকেয়া দিবস উপলক্ষ্যে ০৫টি ক্যাটাগরিতে জয়িতা অন্বেষণ করা হবে, এ বিষয়ে সকল জনপ্রতিনিধীদের নিকট থেকে সহযোগিতা কামনা করেন।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। খুব শীঘ্রই জেলা দপ্তরের নির্দেশনা ও উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক তালিকা আহবান করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের পুরাতন জরাজীর্ণ ভবন অপসারণ করার উদ্যোগ গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)কে অনুরোধ জানানো হয়।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। পুরাতন জরাজীর্ণ ভবন অপসারণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	১। চেয়ারম্যান, দরাজহাট ইউপি জানান যে, উপজেলা পরিষদের সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে আন্তরিকতা ও যথাযথ তদারকি বৃদ্ধি করতে হবে। ২। চেয়ারম্যান, দোহাকুলা ইউপি অর্থবছরের শুরুতে উন্নয়ন কার্যক্রম গ্রহণের বিষয়ে তাগিদ প্রদানপূর্বক জানান যে, প্রকল্প আগেভাগে গ্রহণ না করতে পারলে বর্ষার সময়ে কাজের মাল ভালো হয় না। ৩। চেয়ারম্যান, জামদিয়া ইউপি রেল লাইন নির্মান এবং অপরিকল্পিত মাছের ঘের নির্মানের কারনে পানি নিষ্কাশন ব্যবস্থা বাধাগ্রস্থ হচ্ছে বিধায় বিভিন্ন স্থানে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। এছাড়া তিনি ধলগ্রাম রাস্তার মোড়ে হাট-বাজার স্থাপন করা যায় কিনা সেবিষয়ে পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। প্রশাসক উপজেলা পরিষদ জামদিয়া ইউপি চেয়ারম্যানকে ধলগ্রাম রাস্তার মোড়ের পাশে যে প্রাথমিক বিদ্যালয় রয়েছে তার সামনের খারাপ অবস্থার বিষয়ে তুলে ধরে সেখানে উন্নয়নের লক্ষ্যে প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ জানান। ৪। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা জানান যে, তিনি দায়িত্ব পাইবার পরে নাগরিক সেবার বিস্তারিত তথ্য(সিটিজেন চার্টার) ফিসহ প্রদর্শন করা হয়েছে। মশক নিধন কর্মসূচি চলমান আছে। তিনি সকল ইউপি চেয়ারম্যানদের জটিলতা পরিহারে ওয়ারেশ সনদ অনলাইনে প্রদানের জন্য অনুরোধ জানান।	(১) সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়। (২) খুব দ্রুত উন্নয়ন প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। (৩) পরিদর্শণপূর্বক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। বার্ষিক উন্নয়ন কর্মসূচি থেকে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। (৪) উপজেলা পরিষদের মধ্যে ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।	(১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া (২) জনপ্রতিনিধী সকল (৩) সংশ্লিষ্ট সকল

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/১০/২৪

শোভন সরকার
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-৬০ **তারিখঃ ২৩- ১০-২০২৪ খ্রিঃ ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা .... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯.চেয়ারম্যান,...ইউনিয়ন পরিষদ,বাঘারপাড়া,যশোর।
১০. অফিস কপি ।

২৩/১০/২৪

শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

পরিশিষ্ট-খ

উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

সেপ্টেম্বর-২০২৪

যে সভায় উপস্থাপিতঃ- অক্টোবর-২০২৪

ক্রমিক	বিবরণ	বিলের পরিমান	চেকনং ও তারিখ
১.	মোঃ খলিল হোসেন, মালী, উপজেলা পরিষদকে আগষ্ট -২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান	=১৩৭৫০/-	চেক নং ৪৭০৪৮৪৬ তাং ০২.০৯.২০২৪
২.	জীবন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে আগষ্ট-২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান	=১৩৭৫০/-	চেক নং ৪৭০৪৮৪৭ তাং ০২.০৯.২০২৪
৩.	জনাব কৃষ্ণপদ অধিকারী, প্রোপাইটার, বাঘারপাড়া ক্যাবল নেটওয়ার্ককে জুলাই-সেপ্টেম্বর-২০২৪ মাসের ইন্টারনেট বিল প্রদান	=৭৫০০/-	চেক নং ৪৭০৪৮৪৮ তাং ০৮.০৯.২০২৪
৪.	কিংকর বিশ্বাস, হিসাব সহকারী, ইউএনও অফিস কে আগস্ট ও সেপ্টেম্বর-২০২৪ মাসের আপ্যায়ন মাসের আপ্যায়ন বিল প্রদান	=৫৪০০০/-	চেক নং ৪৭০৪৮৪৯ তাং ০৮.০৯.২০২৪
৫.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আপ্যায়ন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৬০০০/-	চেক নং ৪৭০৪৮৫০ তাং ০৮.০৯.২০২৪
৬.	জনাব পঙ্কজ মন্ডল, প্রোপাইটার, দুবাই প্রসাধনীকে জুলাই হতে সেপ্টেম্বর-২০২৪ পর্যন্ত আনুষাঙ্গিক বিল প্রদান	=১৩১২৫/-	চেক নং ৫৩৪৩০০১ তাং ০৮.০৯.২০২৪
৭.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আনুষাঙ্গিক বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=১৮৭৫/-	চেক নং ৫৩৪৩০০২ তাং ০৮.০৯.২০২৪
৮.	জনাব পলাশ হোসেন, গাড়ী চালক, উপজেলা পরিষদকে যশোর-ঘ-১১-০০৫৬ এর মেরামত কাজের বিল প্রদান	=২০৫০০/-	চেক নং ৫৩৪৩০০৩ তাং ০৮.০৯.২০২৪
৯.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী গাড়ী মেরামত বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৪৫০০/-	চেক নং ৫৩৪৩০০৪ তাং ০৮.০৯.২০২৪
১০.	বিএম মাসুদ কবীর, প্রোপাইটার, মেসার্স আঃ রউফ ফিলিং ষ্টেশনকে জুলাই হতে আগষ্ট-২০২৪ পর্যন্ত যশোর-ঘ-১১-০০৫৬ এর জ্বালানী বিল প্রদান	=৪৫৯৫৫/-	চেক নং ৫৩৪৩০০৫ তাং ০৮.০৯.২০২৪
১১.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী গাড়ীর জ্বালানী বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৩৬৭৭/-	চেক নং ৫৩৪৩০০৬ তাং ০৮.০৯.২০২৪
১২.	ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের সেপ্টেম্বর-২৪ মাসের ভবিষ্য তহবিলের অর্থ জমার জন্য প্রদান	=৫৮৪২/-	চেক নং ৫৩৪৩০০৭ তাং ২২.০৯.২০২৪
১৩.	মেসার্স ইউনিক টেডার্স, মিরপুর বাজার, কুষ্টিয়াকে উপজেলা পরিষদের প্রধান ফটক নির্মান কাজের জামানত ফেরত প্রদান	=১০৮৮৪৮/-	চেক নং ৫৩৪৩০০৮ তাং ২৫.০৯.২০২৪
১৪.	জান কম্পিউটার, যশোরকে প্রিন্টার ও প্রিন্টারের টোনার ক্রয় বাবদ টিএন্ডওই খাতের বিল প্রদান	=২১৮৭৫/-	চেক নং ৫৩৪৩০০৯ তাং ৩০.০৯.২০২৪
১৫.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী প্রিন্টার ও প্রিন্টারের টোনার ক্রয় বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৩১২৫/-	চেক নং ৫৩৪৩০১০ তাং ৩০.০৯.২০২৪
১৬.	জান কম্পিউটার, যশোরকে ফটোকপি মেশিনের মাদারবোর্ড পরিবর্তন ও ফটোকপি মেশিনের টোনার সরবরাহ বাবদ অফিস সরঞ্জামাদি মেরামত খাতের বিল প্রদান	=২১৮৭৫/-	চেক নং ৫৩৪৩০১১ তাং ৩০.০৯.২০২৪
১৭.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী ফটোকপি মেরামত কাজের বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৩১২৫/-	চেক নং ৫৩৪৩০১২ তাং ৩০.০৯.২০২৪

২৫/১০/২৪

শোভন সরকার
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।